# তালা উপজেলা পরিষদের জুন / ২০২১ মাসের মাসিক সভার কার্যাবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ৩০/০৬/২০২১

সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান : নিজ নিজ কার্যালয় হতে Zoom Cloud Meeting App এর মাধ্যমে

সভার শুরুতে উপজেলা চেয়ারম্যান সভায় সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর উপজেলা পরিষদের সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক Zoom Cloud Meeting App এর মাধ্যমে সভার কাজ শুরু করেন।

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় । কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

০২। বিভাগীয় আলোচনা :

(ক) উপজেলা প্রকৌশল বিভাগ :

(খ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তিনি খেশরা ইউনিয়নের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। এলাকা ভিজিট করছেন। দোকান-পাট, হাট-বাজারে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেছেন। তার অফিসের মাধ্যমে ইতোমধ্যে ১৬টি ব্যাচের ৪০০ জনের প্রশিক্ষণ শেষ হয়েছে। তার ফলে ৩৭৫ জনের প্রশিক্ষিত যুব হিসেবে গড়ে তোলা সম্ভব হয়েছে। ৩৬২৪ জনের অনুকূলে ৪১,৩৯,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ ছাড়া একনজরে তার দাপ্তরিক কাজের পরিসংখ্যান তুলে ধরেন, যা নিম্নরুপ :

| ক্রঃ | বিবরণ | | টাকা / পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মোট ঋণ তহবিল | | ২৫,৩৮,৮০০/- | |
| ০২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | | ৪,২৮,৪৪,০০০/- | |
| ০৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | | ৪,১৩,০০০/- | |
| ০৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমান | | ৩৩৩৯০০/- | |
| ০৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমান | | ২৫৭৭৪০/- | |
| ০৬. | চলতি মাসে আদায়ের হার | | ৯২% | |
| ০৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | | ৩,৮১,৮৬৯০০/- | |
| ০৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | | ৩,৬২০১৯৪০/- | |
| ০৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | | ৯৫% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ন খেলাপী টাকার পরিমান | | ৮৯৪৯২০/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমান | | ১০৯০০৪০/- | |
| ১২. | ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ (জোরদার করন) | | ০০ জন | |
| ১৩. | ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ (রাজস্ব) | | ৩৭৫ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে ( জোরদার১৯৭২+রাজস্ব ৬৩৪৭) | | ৮৬৬৯ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | | ৬৩ জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | | ৩৬২৪ জন | |
| ১৭. | ঋণী সংখ্যা | রাজস্ব= | ১৮৩৬ জন | |
| | | জোরদার করন প্রকল্পে= | ০৮ জন | |
| | | পরিবার= | ১৯০ জন | |

এ ছাড়া তার বিভাগের কাজ স্বাভাবিক গতিতে চলছে।

(গ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ৫০ জনের তালিকাকৃত মাতৃত্বভাতা বিতরণের কাজ লকডাউন পরিস্থিতির কারণে বন্ধ রয়েছে। করোনা পরিস্থিতির কারণে মৌটুসি ভবনে ট্রেইনিং এর কার্যক্রম বন্ধ রয়েছে। ভি জি ডি ট্রেইনিং এর বরাদ্দ জুন পর্যন্ত ছিল। ট্রেইনিং এর ১১ ব্যাচ এর ভাতা দ্বিগুণ করা হয়েছে। তিন মাসে ৬০০০ টাকার স্থলে পাবে ১২,০০০ টাকা পাবে। এছাড়াও অন্যান্য সকল কাজ সুন্দরভাবে ও সময়ের মধ্যেই সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন। করোনা পরিস্থির কারণে যে কাজগুলো থেমে আছে সেগুলো পরিস্থিতি বিবেচনায় যত দ্রুত সম্ভব সম্পন্ন করা হবে মর্মে সভাকে জানানো হয়।

(ঘ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

আলোচনাঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে জানান যে, সেবা প্রদানে শ্রেষ্ঠ কর্মী নির্বাচনে ৯ ক্যাটাগরির মধ্যে জেলা পর্যায়ে তার দপ্তর শ্রেষ্ঠ হয়েছে এবং বিভাগীয় পর্যায়ে ২ ক্যাটাগরিতে শ্রেষ্ঠ হয়েছে। এ সাফল্যের জন্য তিনি উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং উপজেলা চেয়ারম্যানকে ধন্যবাদ জানান। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঙ) উপজেলা মৎস বিভাগঃ

আলোচনা : উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা বলেন যে, সরকারি রাস্তার পাশে ঘের করার কারণে সরকারি রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে। গতমাসে সভায় এ সংক্রান্ত তালিকা দাখিল করা হয়। যে সকল ঘেরের মালিকদের ইতোপূর্বে সতর্ক করা হয়েছে, কিন্তু আদেশ অমান্য করেছে, তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।
এ ছাড়া জাতীয় মৎস্য সপ্তাহ আগামী ১২-১৮ জুলাই পালিত হবার কথা রয়েছে। কিন্তু লকডাউন পরিস্থিতে পালিত হবে কিনা সেই আশঙ্কা ব্যক্ত করে তিনি কেন্দ্র থেকে প্রেরিত কর্মসূচী সভায় পাঠ করে শুনান।

০৩। (ক) চেয়ারম্যান, জালালপুর, ইউনিয়ন পরিষদ বলেন যে, করোনাকালীণ মৎস্য বিভাগ কর্তৃক একটা তালিকা করা হয়েছে। সে তালিকা অনুযায়ী অনেকে টাকা পাচ্ছেন, যাদের ঘের নেই। তিনি তালিকাটি যাচাই বাছাই করে প্রকৃত ক্ষতিগ্রস্তরা যাতে প্রণোদনা পায় তার জন্য সভাকে অনুরোধ করেন।

০৪। সহকারী কমিশনার ( ভূমি) : পাটকেলঘাটা হাইস্কুল রোডের ভাঙা কালভার্ট মেরামতের ব্যাপারে জনগণ তার নিকট বার বার আবেদন করছে। বিষয়টি তিনি সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করেন এবং তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

০৫। বিবিধ :

(ক) বিষয় : তালা উপজেলা পরিষদের জীপগাড়ির ডেন্টিং এবং পেন্টিং ও এসি মেরামত সংক্রান্ত প্রকল্প কমিটি গঠন

আলোচনা : উপজেলা চেয়ারম্যান, তালা, সাতক্ষীরা সভায় বলেন, তালা উপজেলা পরিষদের জীপগাড়ির ডেন্টিং এবং পেন্টিং এর কাজ করতে ২৬,০০০/- টাকা এবং এসি মেরামত করার জন্য ৬২,৬০০/- টাকা প্রয়োজন হবে। উল্লিখিত কাজগুলি করার লক্ষ্যে একটি প্রকল্প কমিটি গঠন করা দরকার। আলোচনান্তে নিম্নলিখিতভাবে একটি প্রকল্প কমিটি গঠন করা হল:

| | |
|---|---|
| (১) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তালা | আহবায়ক |
| (২) উপজেলা প্রকৌশলী, তালা | সদস্য |
| (৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালা | সদস্য |
| (৪) জনাব বিজন বাবু, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |

বাস্তবায়ন : প্রকল্প কমিটিকে দ্রুত প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।

০৬। সভায় উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন যে, এ উপজেলার সকল সমস্যা তিনি সাধ্যের মধ্যে সমাধান করবেন। এছাড়া তিনি সভায় স্বচ্ছতা নিশ্চিতকল্পে জন্ম নিবন্ধন সংক্রান্ত প্রতিটি কাজের ফি-র তালিকা প্রকাশ্য স্থানে টাঙিয়ে রাখার জন্য উদ্যোক্তাদেরকে অনুরোধ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, করোনাভাইরাসের কারণে জনসাধারণের মাঝে ত্রাণ বিতরণ চলছে। ট্যাগ অফিসার এবং ইউ পি সচিবগন যথাযথভাবে তদারকি করছেন। প্রকৃত ক্ষতিগ্রস্থ ব্যক্তি যাতে সহায়তা পান, সেটি নিশ্চিত করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। পুরাতন উপজেলা পরিষদ ভবন ভেঙ্গে নূতন ভবন নির্মাণের লক্ষে অচিরেই অফিস পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের গাড়ি এবং উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি মেরামত করা খুবই জরুরী। তিনি আরো বলেন যে, ভার্চুয়াল সভায় অনেক কর্মকর্তাকে তাঁদের আইডিতে নাম পদবী ব্যবহার না করার কারণে চিহ্নিত করা কঠিন। সে কারণে আগামী জুম সভাতে প্রত্যেক কর্মকর্তাকে তাঁদের আইডিতে নাম পদবী ব্যবহারের পরামর্শ প্রদান করা হয়। তালা উপজেলার উন্নয়ন ত্বরান্বিত করতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া ক্ষুদ্র নৃ-তাত্বিক গোষ্ঠীর ব্যক্তিদের ঘর, শিক্ষাবৃত্তি, সাইকেল ও শিক্ষা উপকরণ প্রদানের জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি ও সে আলোকে ৩টি উপ-কমিটি গঠন করা হয়। নৃ-গোষ্ঠীর বসবাসের জন্য ৫টি ঘর, তাদের ছেলেমেয়েদের লেখাপড়ার সুবিধার জন্য ১০ খানা বাইসাইকেল, ১ লক্ষ টাকার শিক্ষা উপকরণ এবং ১ লক্ষ টাকা শিক্ষাবৃত্তি সকল নিয়ম কানুন অনুসরণ করে ইতোমধ্যে বিতরণ করা হয়েছে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার দপ্তেরর প্রতিটি প্রকল্প সরেজমিন পরিদর্শন করত: বিল প্রদানের জন্য অনুরোধ করা হয়।

**০৭।** জনাব ঘোষ সনৎ কুমার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা মাসিক সভা তার সমাপনী বক্তব্যে বলেন, মিটিং এ সময় মত এবং সকলকে প্রতি মিটিং এ উপস্থিত থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য গুরুত্বারোপ করেন।

তিনি আরও বলেন, উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাপতিকে অবহিত করতে হবে। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে জানা গেল। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞা ও শুভেচ্ছা জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর :০৫.৪৪.৮৭৯০.০০০.০০৬.০০১.২০২১- তারিখ : ৩০.০৬.২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জনাব এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫-সাতক্ষীরা-১ নির্বাচনী এলাকা (তালা- কলারোয়া )
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। বিভাগীয় কমিশনার, খুলনা
৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৭-৫০। জনাব---------------------------------------------তালা, সাতক্ষীরা

**মোঃ তারিফ-উল-হাসান**
উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা